

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
পরিকল্পনা কোষ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বাংলাদেশ রেলওয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্তে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

তারিখ: ০৯.১১.২০২১

সময়: সকাল ১০.০০ ঘটিকা

স্থান: সভাকক্ষ (কক্ষ নং-৮২৫, ৮ম তলা) রেলভবন, ঢাকা।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ রেলওয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ প্রণয়ন করেছে এবং সে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ ২০২১-২২ এর নির্দেশনার ১০.১ নং অনুচ্ছেদে এপিএ টিমের সদস্যদের প্রতি দুই মাসে একবার এপিএর অগ্রগতি পর্যালোচনার বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অধ্যকার সভা ২০২১-২২ অর্থবছরের দ্বিতীয় সভা। করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক বাংলাদেশ রেলওয়ের ২০২১-২২ অর্থবছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যকরি উদ্যোগ গ্রহণের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ কে আহ্বান জানান।

উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ সভার আলোচ্যসূচী অনুসরণে বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক) বাংলাদেশ রেলওয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়ন	যে সকল কার্যক্রমের অগ্রগতি শূন্য সেসকল কার্যক্রমের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করার উপর গুরুত্ব আরোপ করা হয়। এছাড়াও লক্ষ্যমাত্রার বিপরীতে অসাধারণ অর্জন নিশ্চিতকরণের উপর বিস্তারিত আলোচনা করা হয়।	যেসকল কার্যক্রমের বিপরীতে অগ্রগতি শূন্য সেসকল কার্যক্রমসহ সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এপিএ টিম

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে কর্মপরিকল্পনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিকল্পনা কোষে প্রতিবেদন প্রেরণ করবেন। সকল ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে পরিচালক (পরিবহন) অভিযোগ সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট সকলে যথাসময়ে তথ্য প্রদানের মাধ্যমে সহায়তা করবেন।	* জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা- এডিজি (এমএন্ডসিপি)। *অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা- পরিচালক (পরিবহন) *তথ্য অধিকার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-পরিচালক (জনসংযোগ), উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-৪।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (ডি এন মজুমদার)
 মহাপরিচালক
 বাংলাদেশ রেলওয়ে